



# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা।

## নিয়োগ বিজ্ঞপ্তি

নং-জাবি/রেজি/প্রশাসন(টিচিং)/২০২৩-২০২৪/০৩/৪৪৮৫(২)

তারিখ : ১৯-১১-২০২৩

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত পদসমূহ পূরণের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

পদের নাম ও বেতনস্কেল	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
<p>প্রভাষক কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ বেতনস্কেল : ২২,০০০-৫৩,০৬০/- পদের সংখ্যা : ২টি (স্থায়ী)</p>	<p>আবেদনকারীদের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিষয়ে ০৪(চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিসহ উভয় পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ১ম শ্রেণি ও গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৩.৬০ (৪.০০ স্কেলে) থাকতে হবে।</p> <p>পিএইচডি ডিগ্রিধারী / বিদেশের স্নাতকোত্তর ডিগ্রিধারী এবং ইমপ্যাক্ট ফ্যাক্টর জার্নালে প্রকাশনা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।</p>
<p>প্রভাষক (তুলনামূলক সাহিত্য/ইংরেজি) বঙ্গবন্ধু তুলনামূলক সাহিত্য ও সংস্কৃতি ইনস্টিটিউট বেতনস্কেল : ২২,০০০-৫৩,০৬০/- পদের সংখ্যা : ১টি (স্থায়ী)</p>	<p>আবেদনকারীদের তুলনামূলক সাহিত্য/ইংরেজি বিষয়ে ০৪(চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিসহ উভয় পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ১ম শ্রেণি ও গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৪.০-এর মধ্যে যে কোনো একটিতে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ এবং অন্যটিতে সিজিপিএ ন্যূনতম ৩.২৫ থাকতে হবে।</p> <p>তবে স্নাতকোত্তর শ্রেণিতে যাদের তুলনামূলক সাহিত্য ও সাংস্কৃতিক অধ্যয়ন বিষয়ক অভিসন্দর্ভ আছে তারাই কেবলমাত্র আবেদন করার যোগ্যতা অর্জন করবেন অথবা প্রার্থীদের কমপক্ষে দুই বছরের তুলনামূলক সাহিত্য বিষয়ক কোর্সে পাঠদানের অভিজ্ঞতা থাকতে হবে। তুলনামূলক সাহিত্য বা তুলনামূলক সাংস্কৃতিক অধ্যয়ন বিষয়ে যাদের স্নাতক/স্নাতকোত্তর/এমফিল/পিএইচডি ডিগ্রি আছে তাদেরকে অগ্রাধিকার দেওয়া হবে।</p> <p>স্বীকৃত জার্নালে গবেষণা প্রবন্ধ ছাপা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।</p>
<p>প্রভাষক (তুলনামূলক সাহিত্য/বাংলা) বঙ্গবন্ধু তুলনামূলক সাহিত্য ও সংস্কৃতি ইনস্টিটিউট বেতনস্কেল : ২২,০০০-৫৩,০৬০/- পদের সংখ্যা : ১টি (স্থায়ী)</p>	<p>আবেদনকারীদের তুলনামূলক সাহিত্য/বাংলা বিষয়ে ০৪(চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিসহ উভয় পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ১ম শ্রেণি ও গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৪.০-এর মধ্যে যে কোনো একটিতে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ এবং অন্যটিতে সিজিপিএ ন্যূনতম ৩.২৫ থাকতে হবে।</p> <p>তবে স্নাতকোত্তর শ্রেণিতে যাদের তুলনামূলক সাহিত্য ও সাংস্কৃতিক অধ্যয়ন বিষয়ক অভিসন্দর্ভ আছে তারাই কেবলমাত্র আবেদন করার যোগ্যতা অর্জন করবেন। তুলনামূলক সাহিত্য বা তুলনামূলক সাংস্কৃতিক অধ্যয়ন বিষয়ে যাদের স্নাতক/স্নাতকোত্তর/এমফিল/পিএইচডি ডিগ্রি আছে তাদেরকে অগ্রাধিকার দেওয়া হবে।</p> <p>স্বীকৃত জার্নালে গবেষণা প্রবন্ধ ছাপা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।</p>
<p>প্রভাষক (তুলনামূলক সাহিত্য/ইংরেজি/বাংলা/নাটক ও নাট্যতত্ত্ব/নৃবিজ্ঞান/দর্শন/প্রত্নতত্ত্ব/ইতিহাস) বঙ্গবন্ধু তুলনামূলক সাহিত্য ও সংস্কৃতি ইনস্টিটিউট বেতনস্কেল : ২২,০০০-৫৩,০৬০/- পদের সংখ্যা : ১টি (স্থায়ী)</p>	<p>আবেদনকারীদের তুলনামূলক সাহিত্য/ইংরেজি/বাংলা/ নাটক ও নাট্যতত্ত্ব/নৃবিজ্ঞান/ দর্শন/ প্রত্নতত্ত্ব/ ইতিহাস বিষয়ে ০৪(চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিসহ উভয় পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ১ম শ্রেণি ও গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৪.০-এর মধ্যে যে কোনো একটিতে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ এবং অন্যটিতে সিজিপিএ ন্যূনতম ৩.২৫ থাকতে হবে।</p> <p>তুলনামূলক সাহিত্য বা তুলনামূলক সাংস্কৃতিক অধ্যয়ন বিষয়ে যাদের স্নাতক/ স্নাতকোত্তর/এমফিল/পিএইচডি ডিগ্রি আছে তাদেরকে অগ্রাধিকার দেওয়া হবে।</p> <p>স্বীকৃত জার্নালে গবেষণা প্রবন্ধ ছাপা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।</p>

প্রার্থীদের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। সাত সেট আবেদনপত্রের প্রতি সেটের সাথে শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, নম্বরপত্র, গবেষণামূলক প্রকাশনার কপি ও অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে। দরখাস্তের সাথে দুই কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি এবং রেজিস্ট্রারের অনুকূলে অগ্রণী ব্যাংকের যে কোনো শাখা থেকে ৬০০/- (ছয়শত) টাকার ব্যাংক ড্রাফট অথবা অগ্রণী ব্যাংক লিঃ জাবি শাখার সিডি-৬৮ একাউন্টে ৬০০/- (ছয়শত) টাকা জমাদানের রশিদ সংযুক্ত করতে হবে। জমাকৃত টাকা/ড্রাফট ফেরৎযোগ্য নয়। বেতন নির্ধারণের ক্ষেত্রে জাতীয় বেতন স্কেলের নীতিমালা অনুসরণ করা হবে। চাকরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। আগ্রহী প্রার্থীগণ অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর অফিস থেকে বিজ্ঞপ্তির কপি এবং আবেদন ফরম সংগ্রহ করতে পারবেন। ওয়েবসাইট [www.juniv.edu](http://www.juniv.edu) থেকেও উক্ত ফরম সংগ্রহ করা যাবে। অসম্পূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।

আবেদনপত্র জমাদানের শেষ তারিখ : ০৪-১২-২০২৩

স্বাক্ষর/-রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)